মেহেরপুরে করিমন ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আহত ৩

মেহেরপুর সদর উপজেলা চকশ্যামনগর গ্রামের প্রধান সড়কে করিমন ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৩ জন গুরুতর আহত হয়েছে।

বুধবার সন্ধ্যায় মেহেরপুর – মুজিবনগরের প্রধান সড়কে এই দূর্ঘটনা ঘটে। আহতরা হলেন, মেহেরপুর মুজিবনগর উপজেলা শিবপুর গ্রামের হায়াত আলীর ছেলে রিপন (২৮), একই গ্রামের নুরুল ইসলামের ছেলে ডালিম (২১) এবং করিমন চালক মেহেরপুর সদরের আশরাফপুর গ্রামের সিয়ামউদ্দিনের ছেলে মনিরুল (৩৬)।

স্থানীয়রা জানায়, আহত রিপন ও ডালিম মেহেরপুর থেকে মুজিবনগরের দিকে যাচ্ছিল এবং নসিমন চালক মনিরুল ইসলাম মুজিবনগর থেকে মেহেরপুর যাচ্ছিল এ সময় চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মুখোমুখি সংঘর্ষ ঘটে । আমরা স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে পৌঁছিয়ে তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠিয়ে দেয়।

সড়ক দূর্ঘটনায় গাংনীর সবজি ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনীর সবজি ব্যবসায়ী মুকুল হোসেন (৫২) ট্রাক দূর্ঘটনায় নিহত হয়েছে। শুক্রবার সকাল ১০ টায় কুমিল্লা জেলার চান্দুরা এলাকার নুরিটোলায় এ ঘটনা ঘটে।

নিহত মুকুল হোসেন গাংনী উপজেলার কসবা গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে।

নিহতের ভাই রাফিউল হাসান জানান, কলা বোঝাই একটি ট্রাক যোগে বৃহস্পতিবার বিকালে কসবা গ্রাম থেকে কুমিল্লার চান্দিনার

উদ্যোগে রওনা দেয়। শুক্রবার সকাল ১১ টায় ট্রাক দূর্ঘটনায় মারা গেছে বলে পুলিশের পক্ষ থেকে পরিবারকে অবগত করা হয়। মৃত্যু’র সংবাদ পওয়ার পরপরই মরদেহ আনতে এ্যামবুলেন্স যোগে দূর্ঘটনাস্থলের দিকে রওনা হয়েছেন স্বজনরা।

কুমিল্লা জেলার ইলিয়াসগঞ্জ হাইওয়ের ফাঁড়ির ওসি সালেহ উদ্দীন আহমেদ জানান,কলা বোঝাই একটি ট্রাক চান্দিনায় যাওয়ার পথে চান্দুরা এলাকার নুরিটোলায় পেছালে রাস্তা থেকে ছিটকে একটি পুকুরে পড়ে মুকুল হোসেন নিহত হয়।

এ ঘটনায় ট্রাক চালক ও তার সহকারী আহত হয়েছে। মরদেহ উদ্ধার করে হাইওয়ে ফাড়িতে রাখা হয়েছে। নিহতের স্বজনরা মরদেহ নিতে রওয়না হয়েছে পৌছানো মাত্রই আইনগত প্রক্রিয়া শেষে হস্তান্তর করা হবে।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় কসমেটিকস ব্যবসায়ী নিহত

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কে টগর মন্ডল (৩০) নামে এক কসমেটিকস ব্যবসায়ী পূর্বাশা পরিবহনের চাপায় পিষ্ট হয়ে নিহত হয়েছে। নিহত ব্যক্তি সদর উপজেলার সাগান্না ইউনিয়নের নাথকুন্ডু গ্রামের শরিফুল ইসলামের ছেলে। এ দুর্ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার দিবাগত রাত ১১টার দিকে জেলা কারাগারের প্রধান ফটকের সামনে।

সংশ্লিষ্ট এলাকাবাসি সূত্রে জানা গেছে, বুধবার দিবাগত রাত ১১টার দিকে টগর মন্ডল মোটরসাইকেলে চড়ে ডাকবাংলা বাজারের দিকে যাচ্ছিল।

এসময় তিনি সড়কের জেলা কারাগারের প্রধান ফটকে পৌঁছালে পেছন দিক থেকে পূর্বাশা পরিবহনের একটি গাড়ি তাকে চাপা দিয়ে চুয়াডাঙ্গার দিকে চলে যায়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যায়।

সেখান থেকে তাকে এ্যাম্বুলেন্সে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক টগর মন্ডলকে মৃত ঘোষণা করেন। ডাকবাংলা বাজারের বাসিন্দা আলী রেজা মাখন বলেন, টগর মন্ডল ডাকবাংলা বাজারে রুপসী কসমেটিকসের মালিক।

ঝিনাইদহে পৃথক দূর্ঘটনায় ২ জনের মৃত্যু

ঝিনাইদহে পৃথক দূর্ঘটনায় ২জনের মৃত্যু হয়েছে। সড়ক দূর্ঘটনায় ১জন এবং বিদ্যুৎস্পৃষ্টে এক শিশুর মৃত্যু বরন করেছে।

বুধবার রাত ১০টায় ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহা সড়কের জেল খানার সামনের সড়কে ডাকবাংলা বাজারের রুপসী কসমেটিক্◌্◌েরর মালিক টগর মন্ডল(২৮) নামে এক যুবক ঢাকাগামী পূর্বাশা পরিবহনে পিষ্ট হয়ে আহত হয়।

পরে তাকে উন্নত চিকিৎসার জন্য ফরিদপুর মেডিকেল কলেজে নিয়ে গেলে বৃহস্পতিবার সকালে তার মৃত্যু হয়।

সে সদর উপজেলার নাদকুণ্ডু গ্রামের শরিফুল ইসলামের ছেলে।

অপর দিকে বৃহস্পতিবার সকালে একই উপজেলার ধোপাবিলা গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে ওয়ালিদ(৭) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। সে ধোপাবিলা গ্রামের আমিরুল ইসলামের ছেলে।

স্বজনরা জানান সকালে ওয়ালিদ ঘরের ফ্যান চালু করতে যায়, এসময় সে বিদ্যুতায়িত হয়। পরে সেখান থেকে তাকে গুরুতর আহত অবস্থায় ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এ ঘটনায় সদর থানায় অপমৃত্যু মামলা হয়েছে।

গাংনীতে বাসের ধাক্কায় শিশুসহ চার যাত্রী আহত

মেহেরপুরের গাংনীতে দ্রতগামী বাসের ধাক্কায় পাখিভ্যানে থাকা শিশুসহ চার যাত্রী আহত হয়েছেন। আজ বৃহস্পতিবার দুপুরে গাংনী পৌর এলাকা বাঁশবাড়ীয়া গ্রামের পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি’র অফিসের সামনে এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলো- উপজেলার ধানখোলা ইউনিয়নের আজান গ্রামের গোলাম নবীর ছেলে ফিরোজ আহমেদ (৩৬), পৌর সভার ৩ নং ওয়ার্ড চৌগাছা গ্রামের নাজিরউদ্দিনের স্ত্রী লালবুড়ি খাতুন (৩০), একই গ্রামের শরিফুদ্দিনের স্ত্রী রেখা (৪০) ও রেখা খাতুনের নাতি ছেলে জুবায়ের হোসেন (২ বছর)।

আহত পাখি ভ্যানচালক ফিরোজ জানান, তিনি যাত্রী নিয়ে গাংনী থেকে বাঁশবাড়িয়া গ্রামের ডাঃ আব্দুল মান্নানের বাড়ীতে যাওয়ার পথে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি’র অফিসের সামনে মেহেরপুরের দিক থেকে আসা আলহাজ¦ নামের বাস নিয়ন্ত্রণ হারিয়ে পাখিভ্যানের সাথে ধাক্কা দিলে এ দুর্ঘটনা ঘটে। বাসটির রেজিষ্ট্রেশন নং-কুষ্টিয়া-জ-০৫-০০০৪।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক আহতদের প্রাথমিক চিকিৎসা দেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

ঝিনাইদহে বাসের ধাক্কায় ভ্যান চালক নিহত

ঝিনাইদহ শহরের পবহাটি কলাহাট এলাকায় বাসের ধাক্কায় করিম মোল্লা
(৫৫) নামের এক ভ্যানচালক নিহত হয়েছে। মঙ্গলবার সকালে এ দুর্ঘটনা

ঘটে। নিহত করিম মোল্লা সদর উপজেলার বেড়াদি গ্রামের মৃত ইয়ামিন মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, বেড়াদি গ্রামের ভ্যানচালক করিম মোল্লা সকালে কলা নিয়ে বাইসাইকেল যোগে শহরের কলার বাজারে আসছিলেন।

পথে বাজারের পাশে পৌঁছালে কুষ্টিয়া থেকে ফরিদপুরগামী রাসেল পরিবহণের একটি বাস তাকে ধাক্কা দিয়ে রাস্তার পাশে ফেলে যায়।

সেখান থেকে তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনায় বাসটি আটক করলেও চালক পালিয়ে গেছে।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় একই পরিবারের দুই জন নিহত

মেহেরপুরের আমঝুপি মাঠের মধ্যে দুরপাল্লার যাত্রীবাহী বাস ও ইট ভাঙ্গা যান দুর্ঘটনায় ওয়াসিম মিয়া (৩৩) এবং জাফর আলী (৩৫) নিহত হয়েছেন। আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত দুজনের বাড়ি আমঝুপি গ্রামের বিশ্বাস পাড়া। তারা দুলাভাই-শ্যালক সম্পর্কের। একই পরিবারের দু’জনের মৃত্যুতে শোকের ছায়া বিরাজ করছে। তবে বাস চালকসহ শ্রমিক ও কত জন যাত্রী ছিলেন সে তথ্য এখনও নিশ্চিত নয় পুলিশ।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানা গেছে, ইট ভাঙ্গা শ্রমিক হিসেবে আমঝুপি গ্রামের আব্দুল জব্বারের ইট ভাঙ্গা যান (খোয়াভাঙ্গা মেশিন) নিয়ে বিভিন্ন স্থানে কাজ করে ওয়াসিম ও জাফর। ওই যান মেরামতের জন্য আজ ভোরে তারা দু’জন বাড়ি থেকে যশোরের উদ্দেশ্যে রওনা দেয়। ঘটনাস্থলে পৌঁছুলে ঢাকা থেকে মেহেরপুর-গামী রয়েল পরিবহনের একটি বাসের সাথে মুখোমুখি ধাক্কা লাগে। এতে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে পড়ে যায়। অপরদিকে ঘটনাস্থলেই

খোয়া ভাঙ্গা যানের ওয়াসিম ও জাফরের মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান বলেন, নিহত দু’জনের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে। অপরদিকে ক্ষতিগ্রস্থ যান দু’টি উদ্ধারের কাজ চলছে।

কালীগঞ্জে সড়ক দূর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে বুধবার দুপুর একটায় কালীগঞ্জ পৌরসভার সামনে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পার্শ্ববর্তী গাছের সাথে সংঘর্ষে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

ওই স্থানে উপস্থিত মানুষের বরাত দিয়ে জানা যায়, নিহত মোটরসাইকেল আরোহী কালীগঞ্জ বাসস্টান্ড থেকে মোবারকগঞ্জ রেল স্টেশন অভিমুখে যাচ্ছিলো, পথিমধ্যে কালীগঞ্জ পৌরসভার সামনে এসে নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা মারে।

স্থানীয়রা তাকে কালীগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর তাকে যশোর সদর হাসপাতালে পাঠানো হয়, যশোর সদর হাসপাতালে নেওয়ার পর ডাক্তার রা তাকে মৃত ঘোষনা করেন।

পারিবারিক সূত্রে জানা যায়, গত দুই সপ্তাহ আগে তাকে নতুন মোটরসাইকেল কিনে দেওয়া হয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানা তে খোজ নিলে জানা যায় এ ঘটনায় কোনো মামলা দায়ের হয়নি।

নিহত তানজিম রহমান সিজান (১৮) কালীগঞ্জ মাহতাব উদ্দিন কলেজের উচ্চমাধ্যমিক ২য় বর্ষের ছাত্র এবং পৌরসভার আড়পাড়া গ্রামের মৃত সার্জেন্ট ওলিয়ার রহমান এর ছেলে।

কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় ইজিবাইক চালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে মোটরসাইকেলের ধাক্কায় জহিরুল ইসলাম (৬২) নামে এক ইজিবাইক চালক নিহত হয়েছে। শুক্রবার সকালে শহরের ব্রীজঘাট এলাকার বাইতুল মামুর মসজিদের কাছে এদূর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার সকাল ৯ টার দিকে ইজিবাইক চালক জহিরুল হাসপাতালে রোগী নামিয়ে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে ব্রীজ ঘাট এলাকায় বাইতুল মামুর মসজিদের পাশে গাড়ী রেখে রাস্থা পার হচ্ছিলেন।

এ সময় দ্রতগামী একটি ডায়াং ৫০ সিসির মোটরসাইকেল (ঝিনাইদহ এ-১১-০৬৭৮) জহিরুল কে সজোরে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ কৃষ্ণ কমল পাল তাকে মৃত ঘোষণা করেন।

নিহত জহিরুল চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া গ্রামের স্টেশন পাড়ার মৃত নূরুল হুদা সরকারের পুত্র।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, দূর্ঘটনার পর মটর সাইকেল ফেলে চালক পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে পুলিশ মোটরসাইকেলটি জব্দ করে থানা হেফাজতে নিয়েছে।

মুজিবনগরে ট্রাকের ধাক্কায় বৃদ্ধ নিহত

মেহেরপুরের মুজিবনগরে ট্রাকের ধাক্কায় খাদেম গাজি-৬৫ নামের একজন বৃদ্ধের মৃত্যু হয়েছে।

আজ শনিবার সকালে আনন্দবাস মন্ডলপাড়া তিন রাস্তার মোড়ে এ দূর্ঘটনা ঘটে।

নিহত খাদেম গাজি আনন্দবাস গ্রামের মৃত. কলিমদ্দিন গাজির ছেলে।

জানা গেছে, কেদারগন্জ থেকে আসা একটি বালি ভর্তি ট্রাক আনন্দবাস বাজারের দিকে যাচ্ছিলো। ট্রাকটি মন্ডলপাড়া তিনরাস্তার মোড়ের কাছে পৌছলে বিপরীত দিক থেকে আসা সাইকেল আরোহী খাদেম গাজী ট্রাকটিকে ক্রস করতে গিয়ে কাদায় পিছলিয়ে ট্রাকের চাকার নিচে, এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, ঘটনা শোনার পর আমার অফিসার সেখানে পরির্দশন করেন। নিহতের পরিবারের পক্ষ থেকে কারও বিরুদ্ধে কোন অভিযোগ করেনি। সামাজিক ভাবে তারা বিষয়টি মীমাংসা করে লাশ দাফন করে।